

কিভাবে যিহোবার সাক্ষীরা সংগঠিত হয়েছে

আধুনিক-সময়ে কখন যিহোবার সাক্ষীদের সূচনা হয়েছিল? (১)

কিভাবে যিহোবার সাক্ষীদের সভাগুলি পরিচালিত হয়? (২)

কিভাবে খরচপত্রের দেখাশুনা করা হয়? (৩)

কে প্রতিটি মন্ডলীতে নেতৃত্ব নেয়? (৪)

প্রতি বছর কোন্‌ বৃহৎ সভাগুলি অনুষ্ঠিত হয়? (৫)

তাদের প্রধান কার্যালয় এবং শাখা অফিসগুলিতে কী কাজ করা হয়? (৬)

১. আধুনিক-সময়ে যিহোবার সাক্ষীদের সূচনা হয়েছিল ১৮৭০ এর দশকে। প্রথমে, তাদের বলা হত বাইবেল ছাত্রগণ। কিন্তু ১৯৩১ সালে, যিহোবার সাক্ষী এই শাস্ত্রীয় নাম তারা গ্রহণ করে। (যিশাইয় ৪৩:১০) ক্ষুদ্র সূত্রপাত থেকে সংগঠনটি লক্ষ লক্ষ সাক্ষী উৎপন্ন করেছে, যারা ২৩০টিরও অধিক দেশে প্রচার কাজে ব্যস্ত রয়েছে।

২. যিহোবার সাক্ষীদের অধিকাংশ মন্ডলীতে প্রতি সপ্তাহে তিনবার সভাগুলি অনুষ্ঠিত হয়। এর যে কোনটিতে উপস্থিত হতে আপনাকে আমন্ত্রণ করা হচ্ছে। (ইব্রীয় ১০:২৪, ২৫) যা শেখানো হয় তার জন্য ভিত্তি হল বাইবেল। সভাগুলি আরম্ভ এবং শেষ হয় প্রার্থনা সহকারে। আন্তরিকভাবে “আধ্যাত্মিক গানও” গাওয়া হয় অধিকাংশ সভাতেই। (ইফিষীয় ৫: ১৮, ১৯) প্রবেশাধিকার বিনা মূল্যে এবং কোন চাঁদা সংগ্রহ করা হয় না।—মথি ১০:৮.

৩. অধিকাংশ মন্ডলী একটি কিংডম হলে সভাগুলির অনুষ্ঠান করে। এগুলি সাধারণত স্বেচ্ছাসেবী সাক্ষীদের দ্বারা প্রস্তুত আড়ম্বরহীন কাঠামোবিশেষ। আপনি কিংডম হলে কোন প্রতিমা, ক্রুশচিহ্ন, অথবা ঐ জাতীয় বস্তু দেখতে পাবেন না। খরচপত্র নির্বাহ করা হয় স্বেচ্ছাপ্রদত্ত দান-





সমূহ থেকে। যারা কিছু দান করতে ইচ্ছুক থাকে তাদের

জন্য, একটি দান বাস্তু রাখা আছে।—২ করিন্থীয় ৯:৭.

৪. প্রত্যেক মন্ডলীতে, প্রাচীনগণ, অথবা অধ্যক্ষেরা রয়েছেন। মন্ডলীতে শিক্ষাদানে তারা নেতৃত্ব নেন। (১ তীমথিয় ৩:১-৭; ৫:১৭) তারা সাহায্য পান পরিচারক দাসগণের দ্বারা। (১ তীমথিয় ৩:৮-১০, ১২, ১৩) মন্ডলীর অবশিষ্ট ব্যক্তিদের থেকে এদের উর্ধ্ব উন্নীত করা হয় না। (২ করিন্থীয় ১:২৪) তাদের বৈশিষ্ট্য-সূচক খেতাব দেওয়া হয় না। (মথি ২৩:৮-১০) তারা অন্যদের থেকে আলাদা পোশাক পরেন না। অথবা তাদের কাজের জন্য অর্থও দেওয়া হয় না। প্রাচীনেরা স্বেচ্ছায় মন্ডলীর আধ্যাত্মিক প্রয়োজনগুলির তত্ত্বাবধান করেন। সংকটের সময়ে তারা সাহায্য এবং পরিচালনার ব্যবস্থা করতে পারেন।—যাকোব ৫:১৪-১৬; ১ পিতর ৫:২, ৩.

৫. যিহোবার সাক্ষীরা এছাড়াও প্রতি বছর বৃহৎ সম্মেলন অথবা অধিবেশনগুলির অনুষ্ঠান করে।

এই সময়গুলিতে বহু মন্ডলী বাইবেল নির্দেশের এক বিশেষ কার্যক্রমের জন্য একত্রিত হয়ে থাকে। নূতন শিষ্যদের বাপ্তিস্মগ্রহণ প্রতিটি সম্মেলন অথবা অধিবেশন কার্যক্রমের এক নিয়মিত অংশস্বরূপ।—মথি ৩:১৩-১৭; ২৮: ১৯, ২০.

৬. যিহোবার সাক্ষীদের বিশ্বের প্রধান কার্যালয় নিউ ইয়র্কে অবস্থিত। সেখানেই রয়েছে এর পরিচালক গোষ্ঠী, অভিজ্ঞ প্রাচীনদের একটি দল যারা বিশ্বব্যাপী মন্ডলীর তত্ত্বাবধান করে। এছাড়া সারা পৃথিবীতে ১০০টিরও উপর শাখা অফিসগুলি আছে। এই স্থানগুলিতে, স্বেচ্ছাসেবকেরা বাইবেল সাহিত্যাদি ছাপাতে এবং অন্যান্য পাঠ্যে সাহায্য করে। প্রচার কাজকে সংগঠিত করার নির্দেশও দেওয়া হয়ে থাকে। আপনার নিকটবর্তী শাখা অফিসটিকে একবার দর্শনের জন্য পরিকল্পনা করুন না কেন?

